## ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের মে ২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: আশরাফ উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার তারিখ | : ৩০.০৫.২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : বেলা ১২.০০ ঘটিকা |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত ইউপি চেয়ারম্যান ও সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁওকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা প্রকৌশলী বিভাগ:<br>উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের গৃহীত প্রকল্প এবং টেন্ডারের কাজ সম্পন্ন হয়েছে। আশা করি আগামী ৩০শে জুনের মধ্যে উন্নয়ন প্রকল্পের সমস্ত কাজ শেষ হবে। অন্যান্য উন্নয়নমূলক কাজ চলমান রয়েছে এবং মনিটরিং করা হচ্ছে। তাছাড়া, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। যে সকল কাজ চলমান রয়েছে সেগুলোর গুনগত মান ঠিক রেখে দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২। স্থানীয় সরকার বিভাগের যে সকল রাস্তা চলাচলের অযোগ্য হয়ে পরেছে তা দ্রুত সময়ে চিহ্নিত করে সংস্কারের প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>৩। সকল উপ-সহকারী প্রকৌশলীগণ উন্নয়ন কার্যক্রম নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করতে হবে।<br>৪। স্থানীয় জনপ্রতিনিধির সাথে সভা করে যে সকল রাস্তা মেরামতের উপযোগী তা অগ্রাধিকার ভিত্তিতে তালিকা করতে হবে। | উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, গফরগাঁও |
| ০৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচির প্রকল্পের জন্য (ক) ২য় পর্যায়ে ১৫টি প্রকল্পের জন্য বরাদ্দকৃত টাকা =২১,৪৯,০৭২.৫৯/- কাজের অগ্রগতি গড়ে ৫০% (খ) ২য় পর্যায়ের ১৫টি প্রকল্পের জন্য বরাদ্দকৃত চাল ২৮.৬২৪৫ মে.টন কাজের অগ্রগতি গড়ে ৫০%। অবকাঠামো রক্ষাণাবেক্ষণ টিআর কর্মসূচির ৩য় পর্যায়ের ১৫টি প্রকল্পের বরাদ্দকৃত টাকা=১৬,৫৯,৫১৬.৭৪/- কাজের অগ্রগতি ১০০%। ইজিপিপি কর্মসূচির ২য় পর্যায়ে উপকারভোগীর সংখ্যা ১২৬৩টি এবং প্রকল্প সংখ্যা ৬৫টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। সকল কাজের গুনগত মান ঠিক রেখে তা দ্রুত সময়ে বাস্তবায়ন ও নিয়মিত মনিটরিং করতে হবে।<br>২। ব্রীজ, কালভার্ট এর তালিকা প্রস্তুত করে অগ্রাধিকার ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ:<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলাতি বছরের রবি মৌসুমের প্রধান ফসল বোরো ধান কর্তন সফলভাবে শতভাগ সম্পন্ন হয়েছে। এ বছর ২০,৭৫৫ হেক্টর জমিতে প্রায় ৮২,১৩৩ মে.টন বোরো ধান উৎপাদন হয়েছে। চলতি আউশ মৌসুমে কৃষি প্রণোদনার মাধ্যমে আমরা ৩১৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। এ বছর প্রায় ৪৭৭৫ হেক্টর জমিতে আউশের আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। অদ্যবধি প্রায় ৪৫০ হেক্টর জমিতে আউশ রোপন সম্পন্ন হয়েছে যা আগামী জুনের মাঝামাঝি পর্যন্ত চলমান থাকবে। রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। তাছাড়া অন্যান্য বিভাগীয় কর্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। নিয়মিত উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সভার আয়োজন করতে হবে।<br>২। রাসায়নিক সার মজুদ, বিতরণ পরিস্থিতি পর্যবেক্ষনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের অন্তর্ভুক্ত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | <u>উপজেলা স্বাস্থ্য বিভাগ:</u><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, সরকার ধারণা করছেন সামনের দিনগুলোতে করোনার প্রাদুর্ভাব আরো বৃদ্ধি পেতে পারে সেজন্য সকলকেই পূর্ব থেকেই সতর্ক থাকতে হবে। সে লক্ষে গণহারে ১ম, ২য় ও ৩য় ডোজের টিকাদান কর্মসূচি চলমান রয়েছে। এছাড়াও সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মাঝে টিকা প্রদান করা হয়েছে। আসন্ন পবিত্র ঈদুল আযহাকে সামনে রেখে সকলকেই স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। ঈদে ঘরমুখী মানুষদেরকে সচেতন করতে হবে। সকলকে স্বাস্থ্যবিধি মানার ব্যাপারে উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম বৃদ্ধি করতে হবে।<br>২। হাসপাতালে রোগীদের সেবার মান বৃদ্ধি করতে হবে।<br>০৩। দালাল এবং ব্যক্তিমালিকানাধীন যানবাহন হাসপাতালের ভিতরে প্রবেশ বন্ধ করতে হবে।<br>০৪। Corona Virus সহ অন্যান্য বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, গফরগাঁও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ০৬ | <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, ঈদুল আযহা উপলক্ষ্যে প্রাণিসম্পদ দপ্তরের বিভিন্ন কার্যক্রম চলমান । অত্র উপজেলার ৬৫৫১ টি ষাঁড়/বলদ ৫০৮৩টি ভেড়া/ছাগল কোরবানীর জন্য প্রস্তুত আছে। অত্র উপজেলার কোরবানী যোগ্য প্রাণীর সংখ্যা চাহিদার তুলনায় বেশি। এছাড়াও বিভাগীয় অন্যান্য সম্প্রসারণমূলক কার্যক্রম চলমান। | পরিষ্কার পরিচ্ছন্নতা স্থায়ী ও কার্যক্রম বৃদ্ধি করতে অস্থায়ী হাটসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গফরগাঁও |
| ০৭ | <u>উপজেলা মৎস্য বিভাগ:</u><br>উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, জুন/২০২২ মাসে দেশে বন্যা হবার সম্ভাবনা রয়েছে। তাই অত্র উপজেলার মৎস্য চাষীদের আগাম প্রস্তুতি হিসেবে নিজ নিজ পুকুর / মৎস্য খামারের চারপাশে জাল দিয়ে বেড়া দেয়ার জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য চাষীদেরকে নিয়মিত পরামর্শ প্রদান অব্যাহত রাখতে করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও |
| ০৮ | <u>উপজেলা বিদ্যুৎ বিভাগ (পিডিবি):</u> নির্বাহী প্রকৌশলী (পিডিবি) এর প্রতিনিধি সভায় জানান যে, গফরগাঁও এলাকায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ চালু রাখার লক্ষ্যে ঝড় বৃষ্টি উপেক্ষা করে বিদ্যুৎ কর্মীদের নিরলস প্রচেষ্টা অব্যাহত রয়েছে। বকেয়া আদায় ও বিদ্যুৎ চুরি নিরসনে প্রতি মাসে একাধিকবার টাস্ক ফোর্স প্রোগ্রাম ও মোবাইল কোর্ট অভিযান চলমান রয়েছে । বিদ্যুৎ বিল আদায়ের লক্ষে জনগণকে সচেতন করার কার্যক্রম চলমান রয়েছে।। এছাড়াও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও |
| ০৯ | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, করোনা উত্তর শিক্ষা প্রতিষ্ঠানে যথারীতি পাঠদান গতিশীলতার লক্ষে মনিটরিং করতে জানানো হয়েছে। এছাড়াও নিম্নস্বাক্ষরকারীর সকল স্কুল/মাদ্রাসায় আকর্ষিক পরিদর্শন অব্যাহত রেখেছেন।<br>১। ৩১ টি শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি ল্যাব স্থাপন করার কাজ চলমান। ইতিমধ্যে ল্যারে সকল ফার্ণিচার ঠিকাদার কর্তৃক সরবরাহ করা হয়েছে। অল্প কয়েকদিনের মধ্যে আইসিটি সামগ্রী পাওয়া যাবে বলে জানা গিয়েছে।<br>২। সম্প্রতি বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগীতা-২০২২ জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ সকল প্রতিষ্ঠানে ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়ে ছে। জেলা ও বিভাগীয় পর্যায়ে গফরগাঁওয়ের শিক্ষার্থী ও শিক্ষকগণ কৃতিত্বের পরিচয় রেখেছেন।<br>৩। ইউআইটিআরসিই ল্যাবে শিক্ষকগণের আইসিটি/ইংরেজি বিষয়ে সমসাময়িক দক্ষতা অর্জনের জন্য জাইকার সহযোগীতায় উপজেলা প্রশাসন সন্তোষজনক সহযোগীতা অব্যাহত রেখেছেন।<br>৪। আগত এসএসসি/দাখিল/কারিগরি (এসএসসি/দাখিল) পরীক্ষা-২০২২ আগামী ১৯.০৬.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। সরকারের নির্দেশনা অনুযায়ী পরীক্ষা গ্রহণের জন্য উপজেলা প্রশাসনকে অবহিত করা হচ্ছে। পরীক্ষা চলাকালীন যাতে সাধারণ জনগন রাস্তা দিয়ে চলাচল করতে পারে যেন কোন যানযট না হয় এবং পরীক্ষার্থীরা সহজে পরীক্ষা হলে গমন করতে পারে সে জন্য পুলিশ প্রশাসনকে প্রয়োজনীয় পদক্ষেপ পূর্বেই গ্রহণ করতে পারেন এর জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রয়োজন। পরীক্ষা কেন্দ্রের বাহিরের প্রতিষ্ঠানগুলোতে যেন নিয়মিত পাঠদান করা হয় সেজন্য সকল প্রতিষ্ঠান প্রধানগণকে জানানো হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।<br>২। যে সকল বিদ্যালয় নির্মাণ কাজ অসম্পূর্ণ রয়েছে সেগুলো দ্রুত সম্পন্ন করার জন্য তাগিদ প্রদান করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | <u>উপজেলা শিক্ষা বিভাগ:</u><br>উপজেলা শিক্ষা অফিসার (ভার:), সভায় জানান যে, সারা দেশের ন্যায় গফরগাঁও উপজেলার ২৩৮টি বিদ্যালয়ে আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগীতা সম্পন্ন হয়েছে। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট জুলাই/২০২২ হতে শুরু হবে। উপবৃত্তি ছাত্র-ছাত্রীদের এন্ট্রি আইবাস++ কার্যক্রম চলমান রয়েছে। প্রত্যেক শিক্ষার্থীর স্কুল ড্রেস, ব্যাগ এবং কেড্স কীড় এলাউন্স দেওয়া হবে। প্রত্যেক শিক্ষার্থীর জন্য ইউনিক আইডি প্রণয়ন কার্যক্রম শুরু হবে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। বিদ্যালয় পরিদর্শন বৃদ্ধি করতে হবে।<br>২। শিক্ষকদের নিয়মিত ক্লাশে উপস্থিত নিশ্চিত করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |

<table>
<tr>
<td>১১</td>
<td><u>উপজেলা সমাজসেবা বিভাগঃ</u><br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে,<br>বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার মোবাইল নম্বর সংশোধনী ৫৫০ জনের হয়েছে। এছাড়াও ওয়ার্ড ভিত্তিক তালিকার কাজ চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>সকল ভাতা কার্যক্রম মনিটরিং করতে হবে।</td>
<td>উপজেলা সমাজসেবা অফিসার</td>
</tr>
<tr>
<td>১২</td>
<td><u>বিআরডিবিঃ</u><br>০১। <u>মূল কর্মসূচি:</u> উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সভায় জানান যে, পল্লীর অসুবিধাগ্রস্থ দারিদ্র জনগোষ্ঠী এর আর্থ সামাজিক উন্নয়নের লক্ষে কাজ করে যাচ্ছে মে/২০২২ খ্রি. পর্যন্ত ১২৯৬ জন সদস্যের মাঝে ৬৪০.৯৯(ছয় কোটি চল্লিশ লক্ষ নিরানব্বই হাজার টাকা ঋণ বিতরণ করা হয়েছে। যাহার চলতি আদায় হার ৯৬%। লক্ষমাত্র অনুযায়ী সকল কার্যক্রম শতভাগ অর্জিত হয়েছে। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক চলছে।<br><br>০২। <u>পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ):</u> উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।
<table>
<tr><th rowspan="2">বিবরণ</th><th colspan="3">অর্থ বছর</th><th colspan="3">ক্রম বর্ধিত</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অগ্রগতি</th><th>হার</th><th>লক্ষমাত্রা</th><th>অগ্রগতি</th><th>হার</th></tr>
<tr><td>সমিতি গঠন</td><td>০৭</td><td>০০</td><td>০০</td><td>৮৪</td><td>৮৪</td><td>১০০%</td></tr>
<tr><td>সদস্য ভর্তি</td><td>৩০০</td><td>৫০</td><td>১৭%</td><td>২৫০০</td><td>২২৮০</td><td>৯১%</td></tr>
<tr><td>শেয়ার আদায়</td><td>৬.০০</td><td>০.৬৭</td><td>১১%</td><td>৩৫.০৮</td><td>৮.৮২</td><td>২৫%</td></tr>
<tr><td>সঞ্চয় আদায়</td><td>১২.০০</td><td>২০.২৪</td><td>১৯%</td><td>৭০.১৮</td><td>৩০.৬৩</td><td>৪৩%</td></tr>
<tr><td>ঋণ বিতরণ</td><td>৯০.০৪</td><td>৪০.০৫</td><td>৪৫%</td><td>৪০৫.০০</td><td>৫৫৩.৪৪</td><td>১০০%</td></tr>
<tr><td>ঋণ আদায়</td><td>১২৬.৩৪</td><td>২৬.১০</td><td>২১%</td><td>৫৬০.৭৩</td><td>৪৬০.৪৯</td><td>৮১%</td></tr>
<tr><td>খেলাপী</td><td>০০</td><td>৬৮.৯৯</td><td>০০</td><td>০০</td><td>৬৮.৯৯</td><td>০০</td></tr>
</table>
বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>১। ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে। বিআরডিবির সকল মাঠ কর্মীদের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কাজ করতে হবে।<br><br>২। বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে। নতুন সমিতি গঠন, সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br><br>উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ)</td>
</tr>
<tr>
<td>১৩</td>
<td><u>আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক):</u><br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজ সমাপ্তি ঘটেছে ৩০.০৭.২০২১ খ্রি. তারিখে। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানটি পল্লী সঞ্চয় ব্যাংক হিসাবে কাজ করছে। অত্র ব্যাংক চলতি ২০২১-২০২২ অর্থ বছরে পল্লী সঞ্চয় ব্যাংক হতে ১১৫৪.৬০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ১০৬০.৯০ টাকা ঋণ আদায় করা হয়েছে। শাখায় মাঠ পর্যায়ে খেলাপী ঋণ বৃদ্ধি পাওয়ায় সদস্যদের খেলাপী ঋণ পরিশোধ করে নতুন করে ঋণ গ্রহণ করার জন্য মাঠ পর্যায়ে নোটিশ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সকলের সহযোগীতা কামনা করছি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে।</td>
<td>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার</td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td><u>উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ১৫টি ইউনিয়নে ভিজিডি কর্মসূচির আওতায় ২৫০২ জন উপকারভোগীর মধ্যে ৩০ কেজি হারে পুষ্টি চাল বিতরণ করা হচ্ছে। এছাড়া আইজিএ প্রকল্পের আওতায় ফ্যাশন ডিজাইনিং ও ফুড প্রসেসিং দুইটি ট্রেডে(৫০+৫০)=১০০ জন প্রশিক্ষনার্থীর প্রশিক্ষন চলমান রয়েছে। এছাড়াও অত্র উপজেলায় চালুকৃত ১৬টি ক্লাব যথাযথভাবে চলছে। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>১। ভিজিডি কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।<br>২। প্রশিক্ষন কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td><u>উপজেলা খাদ্য বিভাগ:</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, মে/২০২২ মাসের ওএমএস চাউল ১২.০০ মে.টন, ভিজিডি খাতে ৭৫.০৬০ মে.টন বিতরণ করা হয়েছে এবং চাল সংগ্রহ ১৩৮ মে. টন । তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>চাল ও ধান সংগ্রহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গফরগাঁও</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td><u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২২ মাসের প্রতিবেদন।<br>সক্ষম দম্পতি ৮৮,৬১৫, গ্রহণকারী-৬৯,৫৫৮, সি.এ.আর-৭৮.৪৯%
<table>
<tr><th>বিভিন্ন পদ্ধতির নাম</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th></tr>
<tr><td>খাবার বাড়ি</td><td>৩৮,৮৫৪</td><td>৩৬,৪৩০</td><td>৮৭.৩০%</td></tr>
<tr><td>কনডম</td><td>৭,০৬০</td><td>৬,০৩২</td><td>৯৩.৫০%</td></tr>
<tr><td>ইনজেকশন</td><td>১৭,৭৭৭</td><td>১০,১০৮</td><td>৫৯.৫০%</td></tr>
<tr><td>আইইউডি</td><td>মাসিক ৮৭</td><td>১৪</td><td>৩৫.৩৫%</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>মাসিক ৮৫</td><td>২৯</td><td>৪৩.৫০%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি পুরুষ</td><td>মাসিক ১০</td><td>০</td><td>০%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি মহিলা</td><td>১০</td><td>৫</td><td>৫০.৫০%</td></tr>
</table>
মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পিং অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>১। নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পের আয়োজন করতে হবে।<br>২। উপজেলা ও ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করতে হবে।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৭ | উপজেলা সমবায় বিভাগ:<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, সমবায় সমিতি অডিট পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম নিয়মিত হচ্ছে। ২০২১-২০২২ সনের কার্যকর সমিতিগুলো অডিটের জন্য বরাদ্দ দেয়া হচ্ছে। প্রকল্পভুক্ত সমিতিগুলোও অডিট বরাদ্দ দেয়া হচ্ছে। সরকারি রাজস্ব ১০০% ভাগ আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হচ্ছে। আশ্রয়ণ প্রকল্পগুলোতে সুবিধাভোগীদের মাঝে ঋণ প্রদান করা হয়েছে। আশ্রয়ণ প্রকল্পে ঋণ নিয়মিতভাবে প্রতিসপ্তাহে আদায় করে ব্যাংক হিসেবে জমা প্রদান করা হয়েছে। তাছাড়া বিভাগীয় এবং বহি: বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ০১। নিয়মিত মনিটরিং করতে হবে।<br>০২। সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৮ | উপজেলা নির্বাচন অফিস:<br>উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, সারা দেশে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২২ শুরু হয়েছে। মোট ৩ ধাপে কার্যক্রম চলবে। গফরগাঁও উপজেলায় ১ম ধাপে ২০.০৫.২০২২ খ্রি. তারিখ হতে তথ্য সংগ্রহ শুরু হয়েছে। আগামী ০৯.০৬.২০২২ খ্রি. পর্যন্ত তথ্য সংগ্রহ চলমান থাকবে। যাদের জন্মতারিখ ০১.০১.২০০৭ কিংবা তার পূর্বে তারা ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে পারবেন। এ কার্যক্রম চলাকালে মৃত ভোটারদের নাম কর্তন করা হবে। ১০ জুন ২০২২ খ্রি. তারিখ হতে ৬৭ দিন ব্যাপী রেজিস্ট্রেশন কেন্দ্রে রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান থাকবে। তাছাড়া, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার |
| ১৯ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে,<br>১। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্ধের কাজে প্রায় শতভাগ সম্পন্ন হয়েছে।<br>২। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় চলতি ২০২১-২০২২ অর্থ বছরের বরাদ্ধকৃত ৩৯০টি পানির উৎসের কাজ সাইট প্রাপ্তি সাপেক্ষে আরম্ভ করা হবে।<br>৩। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরের কমিউনিটি ভিত্তিক ওয়াটার সাপ্লাই এর ১৮টি ইউনিট বরাদ্দ পাওয়া গিয়েছে। বিধি মোতাবেক সাইট চূড়ান্ত করা হবে। অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ:<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থ বছরে প্রশিক্ষণ লক্ষমাত্রা ছিল ৪২০ জন যুব/ যুব মহিলা। অর্জিত হয়েছে ৩৬০ জন। ০২টি ব্যাচ প্রস্তুত আছে। বাজেট ঘাটতির কারণে ঋণ প্রদানে লক্ষ্য অর্জিত হয় নাই। মাত্র ২১ লক্ষ টাকা বিতরণ করা গেছে। ঋণ তহবিল চাওয়া হলেও প্রধান কার্যালয় তা প্রদান করে নাই।উপস্থিত ইউপি চেয়ারম্যানগণকে খেলাপী আদায়ে সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। একটি যুব সংগঠন, "কাঠালিয়া যুব উন্নয়ন সংস্থা" কে অনুদানের জন্য মনোনীত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তাছাড়া, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। ঋণ কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে।<br>২। সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২১ | উপজেলা পরিসংখ্যান বিভাগ:<br>উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, "জনশুমারি ও গৃহগননা প্রকল্প-২০২২" এর প্রস্তুতি চলমান আছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা গফরগাঁও |
| ২২ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন গফরগাঁও কার্যালয় পল্লীর অসুবিধাগ্রস্থ দারিদ্র জনগোষ্ঠী এর সাথে আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। মে/২০২২ ইং মাস পর্যন্ত ১২৯৬ জন সদস্যদের মাঝে ৬৪০.৯৯(ছয় কোটি চল্লিশ লক্ষ নিরানব্বই হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। যাহার চলতি আদায় হার ৯৬%। কার্যালয়ের সার্বিক কার্যক্রম সন্তোষজনক। এছাড়াও অন্যান্য বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | ১। ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২৩ | উপজেলা আনসার ও ভিডিপি: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অতীতের মত বর্তমানেও আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী গফরগাঁও উপজেলায় শান্তি শৃঙ্খলা উন্নয়ন ও নিরাপত্তায় নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। উপজেলা প্রশাসন ও অন্যান্য বাহিনীর সাথে সমন্বয় পূর্বক আর্থসামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। ইউনিয়ন পরিষদসমূহে যেগুলোতে কমপ্লেক্স ভবন রয়েছে প্রতিটিতে আনসার ও ভিডিপি কক্ষে আসবাবপত্র বরাদ্দ দেয়া হয়েছে, সেখানে ভাতাভোগী সদস্যগণ সপ্তাহে ২দিন তাদের কায়ক্রম পরিচালনা করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণের সহযোগীতা কামনা করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশের পাশাপাশি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সব সময় প্রস্তুত থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ২৪ | <u>পল্লী বিদ্যুৎ বিভাগ:</u><br>ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। পবিত্র ঈদুল আযহা উপলক্ষে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার লক্ষ্যে সার্বিক চেষ্টা চলছে। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ জানান। অবৈধ বিদ্যুৎ ব্যবহার, পার্শ্ব সংযোগ বিচ্ছিন্ন করণসহ বিভিন্ন কার্যক্রম চলমান আছে। আইনী নোটিশ বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের জন্য লাল নোটিশ/আইনী নোটিশ প্রদান করা হয়েছে। বিভিন্ন সরকারি অফিসের বকেয়া রয়েছে। বিভিন্ন সরকারি অফিস প্রধান ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনদের মাধ্যমে বকেয়া আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। | বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে। | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ/ |
| ২৫ | <u>ইসলামিক ফাউন্ডেশন:</u><br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ইসলামিক ফাউন্ডেশন গফরগাঁও উপজেলায় সকল কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক চলছে। সরকারি যাকাত ফান্ডে যাকাত প্রদান করার জন্য যাকাত দাতাদেরকে অনুরোধ করেন। উপজেলা মডেল মসজিদ মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ও কমিটির অন্যান্য সদস্যদের পরিদর্শনের প্রেক্ষিতে নির্মাণ জনিত কিছু ত্রুটি পরিলক্ষিত হওয়ায় তালিকা আকারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ কর্তৃপক্ষ আগামী ১(এক) মাসের মধ্যে ত্রুটি সংশোধনের আশ্বাস দিয়েছেন। মডেল মসজিদ ও মাননীয় এমপি মহোদয়ের বাড়ির সংলগ্ন রাস্তায়/এলাকায় সন্ধ্যার পর হতে ফজরের নামাজের সময় এলাকাটি অন্ধকারে নিমজ্জিত থাকে। যার ফলে মুসল্লিসহ এলাকাবাসীর যাতায়াতের সমস্যা হচ্ছে। এলাকাটিতে লাইটিংসহ অন্যান্য সুযোগ সুবিধা বৃদ্ধির অনুরোধ করেন। মডেল মসজিদের একটি হেফজখানা মাদ্রাসা প্রতিষ্ঠার অনুরোধ জানান। ঈদুল আযহার নামাজ মডেল মসজিদে সকাল ০৯:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। সন্ত্রাস, জঙ্গীবাদ ও নাশকতা বিরোধী প্রচার প্রচারণার মসজিদ ভিত্তিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গফরগাঁও |
| ২৬ | <u>উসহকারী পাট উন্নয়ন অফিস:</u><br>উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>১। ২০২১-২০২২ অর্থ বছরে পাট চাষীর প্রশিক্ষণ মার্চ মাসের ২০২২ খ্রি. অনুষ্ঠিত হয়েছে।<br>২। ২০২১-২০২২ অর্থ বছরে পাটের বীজ ১৫টি ইউনিয়নের পাঠ চাষীদের মাঝে বীজ বিতরণ কাজ সম্পন্ন করা হয়েছে।<br>৩। সকল ইউনিয়নের চেয়ারম্যানগণকে পাটের আঁশ উৎপাদনের জন্য পাটের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চাষীদের তালিকা প্রস্তুত করার জন্য অনুরোধ জানান।<br>৪। ২০২১-২০২২ অর্থ বছরে সর্বোচ্চ পাট উৎপাদনকারী চাষীকে সম্মাননা স্মারক প্রদান করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। যে সকল পাট চাষী অনুদান পেয়েছে তারা সঠিকভাবে পাট চাষ করেছে কি না তা সরেজমিনে মনিটরিং করতে হবে। | |
| ২৭ | <u>উপজেলা তথ্য কেন্দ্র:</u><br>তথ্যসেবা কর্মকর্তার সভায় জানান যে, তথ্য আপাদের ডোর-টু-ডোর, উঠান বৈঠক ও তথ্য কেন্দ্রে মহিলাদের সেবা প্রদানের সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। এ প্রকল্পের আওতায় মে-২০২২ পর্যন্ত মোট ১৭৮০০ নারীকে গফরগাঁও উপজেলার তথ্য আপাদের মাধ্যমে বিভিন্ন সেবা প্রদান করা হয়েছে।<br>উপজেলা তথ্যকেন্দ্র, গফরগাঁও, ময়মনসিংহ এর কার্যক্রম সমূহ:<br>১। তথ্য ও প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান<br>২। ভর্তি পরীক্ষার ফলাফল<br>৩। ভর্তি পরীক্ষার ফরম পূরণ<br>৪। চাকরির আবেদন পত্র পূরণ।<br>৫। ই-মেইল, ম্যাসেঞ্জার, স্কাইপির সাহায্যে যোগাযোগ।<br>৬। কৃষি, শিক্ষা, ব্যবসা ইত্যাদি সংক্রান্ত পরামর্শ প্রদান।<br>৭। আইনি সহায়তা পরামর্শ প্রদান।<br>৮। ডায়াবেটিকস পরীক্ষা, রক্তচাপ পরীক্ষা, তাপমাত্রা ও ওজন পরিমাপ।<br>৯। গ্রামীণ নারীদের উৎপাদিত ও সংগৃহিত পণ্য বিক্রয়ের জন্য **<u>www.laalsobuj.com</u>** মার্কেটপ্লেস পরিচালনা। উপরোক্ত সেবাসমূহ তথ্যকেন্দ্র হতে ডোর টু ডোর পদ্ধতিতে এবং উঠান বৈঠকের মাধ্যমে প্রদান করা হয়। উঠান বৈঠক ডোর টু ডোর সহ সকল কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। গ্রামীণ মহিলাদের বিভিন্ন অনলাইনে আবেদনে সহযোগীতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত উঠান বৈঠক আয়োজন করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, গফরগাঁও |
| ২৮ | <u>ইউপি চেয়ারম্যান :</u><br>১। চেয়ারম্যান, রসুলপুর ইউপি সভায় বলেন যে, তার ইউনিয়নস্থ আলালপুর সীমানা হতে রসুলপুর চৌরাস্তা হয়ে বারবাড়িয়া সীমানা পর্যন্ত পাঁকা রাস্তাটি সংস্কার করার জন্য সভায় অনুরোধ জানান।<br>২। চেয়ারম্যান, বারবাড়িয়া ইউপি সভায় বলেন যে, উত্তরপাড়া জনাব ফরিদের বাড়ির রাস্তায় সিসি করণের জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | ৩। চেয়ারম্যান, চরআলগী ইউপি সভায় বলেন যে, বোরাখালী খালের উপর বিভিন্ন অর্থ বছরের পিআইও অফিস কর্তৃক নির্মিত ব্রীজ পানি উন্নয়ন বোর্ডের অপরিকল্পিত খাল খননের কারণে ধ্বসে পরা ০৩টি ব্রীজ দ্রুত অপসারণ করা প্রয়োজন। ধ্বসে পরা ব্রীজের উপর দিয়ে ইট বোঝাই লড়ি, বালু বোঝাই লড়ি, বিভিন্ন ছোট ছোট যানবাহন চলাচল করছে এবং স্থানীয় জনসাধারণ যাতায়াত করছে। যেকোনো সময় বড় ধরণের দূর্ঘটনা ঘটতে পারে। ধ্বসে পরা ০৩টি ব্রীজ জরুরী ভিত্তিতে অপসারণ করে জনগণের চলাচলের সুবিধা করার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকল্প কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| | তিনি আরও বলেন, (ক) চরমছলন্দ কাচারী বাজার হতে শহীদের মোড় পর্যন্ত পাকা রাস্তাটি প্রশস্তকরণসহ পুনঃসংস্কার। (খ) চরআলগী বোরাখালী হতে জাহাঙ্গীরের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ। | উপজেলা প্রকৌশলী সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| | ৪। চেয়ারম্যান, সালটিয়া ইউপি সভায় বলেন যে,<br>(ক) রৌহা কালিরহাট হতে দৌলতপুর পর্যন্ত রাস্তা মেরামতকরণ।<br>(খ) পুখুরিয়া বাজার হতে গফরগাঁও ভালুকা রোড পর্যন্ত রাস্তা পাকাকরণ।<br>(গ) খায়রুল্লাহ বেপারী বাড়ি হতে নতুন হাইওয়ে রাস্তার মাঝে ভাঙ্গা ব্রীজ পুন:নির্মাণ। | | |
| | ৫। চেয়ারম্যান, যশরা ইউপি সভায় বলেন যে, শেখ বাজার হতে কান্দাপাড়া হয়ে দৌলতপুর পর্যন্ত রাস্তা পাকাকরণ। | | |
| | ৬। চেয়ারম্যান, রাওনা ইউপি সভায় বলেন যে,<br>(ক) গফরগাঁও শিবগঞ্জ রোড হতে ধোপাঘাট উত্তরপাড়া হয়ে পাথরকাটা ব্রীজ পর্যন্ত পাকাকরণ।<br>(খ)বড়াইল ঈদগাহ মাঠ হতে পাঁচুয়া হয়ে চংবিরই রাস্তা পর্যন্ত রাস্তা পাকাকরণ।<br>(গ) লাউতৈল মোড় হতে জাজেকটেক পর্যন্ত রাস্তা পাকাকরণ<br>(ঘ) দীগা বানেহালা হতে ছত্রাইল বিল পর্যন্ত রাস্তা পাকাকরণ। | | |
| | ৭। চেয়ারম্যান, মশাখালী ইউপি সভায় বলেন যে,<br>(ক) মুখী শাহ মিসকিন মাজারের মোড় হতে মুখী শাহ মিসকিন দাখিল মাদ্রাসা পর্যন্ত ৩০০ মিটার রাস্তা এইচবিবিকরণ।<br>(খ) প্রসাদপুর বাজার সীমানা ঘাট পর্যন্ত রাস্তা এইচবিবি করণ।<br>(গ) বলদি পাপতা বাড়ী মোড় হতে খানকা শরীফ পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ। | | |
| | ৮। চেয়ারম্যান, গফরগাঁও ইউপি সভায় বলেন যে,<br>(ক) উথুরী কাজী বাড়ী হতে মশাখালী ইউনিয়ন পর্যন্ত রাস্তা পাকাকরণ। আইডি নং-৩৬১২২০০৭ (অসমাপ্ত)।<br>(খ) হাতিখলা বাজার হতে গোয়ালবাড়ি হয়ে মহিরখারুয়া বাজার পর্যন্ত রাস্তা পাকাকরণ। আইডি নং-৩৬১২২৫১৮৭।<br>(গ) দেরগাঁও বাজার হতে নওখলা হয়ে মশাখালী ইউপি শিলা বাজার রোড পাকাকরণ। আইডি নং -৩৬১২২০০০১০।<br>(ঘ) পড়শিপাড়া হাইয়ের মোড় হতে সালাম ডা: এর বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরণ। আইডি নং-৩৬১২২৫১২৬ (অসমাপ্ত)। | উপজেলা প্রকৌশলী সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| | ৯। চেয়ারম্যান, পাঁচবাগ সভায় বলেন যে,<br>(ক) দক্ষিণ লামকাইন সপ্রা:বি হতে কুর্দত সরকার বাড়ি ভায়া ডিগ্রিভূমি বাজার পর্যন্ত রাস্তা পাকাকরণ। আইডি নং-৩৬১২২৫০৫৯।<br>(খ) উত্তর হারিণা মামুর মোড় চিলাকান্দি ভায়া মৃধাবাজার/ডিগ্রিভূমি পর্যন্ত রাস্তা পাকাকরণ। আইডি নং-৩৬১২২৪১২৫।<br>(গ) গাভীশিমুল বাজার বাটুয়া ব্রীজ হয়ে উস্থি বোর্ড ঘর মোড় পর্যন্ত রাস্তা পাকাকরণ। আইডি নং-৩৬১২২৫০২৬। | | |
| | ১০। চেয়ারম্যান, উস্থি ইউপি সভায় বলেন যে, ধাইরগাঁও টু কান্দিপাড়া পর্যন্ত রাস্তা পাকাকরণ।<br>১১। চেয়ারম্যান, লংগাইর ইউপি সভায় জানান যে,<br>(ক) মাইজবাড়ী মশাখালী পাকা রাস্তা হতে জালকান্দা স:প্রা: বি পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ।<br>(খ) গফরগাঁও বরমি সড়ক হতে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ। | | |
| | ১২। চেয়ারম্যান, পাইথল ইউপি সভায় বলেন যে,<br>(ক) গয়েশপুর কান্দিপাড়া রাস্তার খরাতর ব্রীজ হতে বানুয়াদির টেক দেউলপাড়া দপ্তরি বাড়ী মসজিদ পর্যন্ত ৩কি.মি রাস্তা পাকাকরণ।<br>(খ) দেউলপাড়া মাদ্রাসা থেকে শুরু করে কাজাকান্দির রাস্তার কালু মড়লের বাড়ি পর্যন্ত ০৩কি.মি রাস্তা পাকাকরণ।<br>(গ) নেওকা চানে মেম্বারের বাড়ী হতে গোয়ালবর মাদ্রাসা পর্যন্ত ১.৫০ কি.মি রাস্তা পাকাকরণ।<br>(ঘ) ডুবাইল সাহিদ মেম্বারের বাড়ি হতে মাজার পর্যন্ত ১.৫০ কি. মি রাস্তা পাকাকরণ। | | |

| | | | |
|---|---|---|---|
| | ১৩। চেয়ারম্যান, দত্তের বাজার ইউপি সভায় বলেন যে,<br>(ক) দত্তের বাজার হাই স্কুল হতে পাঁচুলী আ: হাইয়ের বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরণ।<br>(খ) পাগলা নতুন বাজার হতে চেয়ারম্যান বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরণ। | | |
| | ১৪। চেয়ারম্যান, নিগুয়ারী ইউপি সভায় বলেন যে,<br>(ক) গয়েশপুর টু বারইহাটি রাস্তা জয়নাল মাস্টারের বাড়ি হতে নিগুয়ারী ইউপি রাস্তার অসমাপ্ত কাজ সমাপ্তকরণ/পাকাকরণ।<br>(খ) নিগুয়ারী বিশারটেক বাজার হতে আবুল কাশেম খানের বাড়ি হয়ে নিধির পাড় পর্যন্ত রাস্তা পাকাকরণ।<br>(গ) কুরচাই বাজার হতে ফরাজি বাড়ী হয়ে কদমতলী মোড় পর্যন্ত রাস্তা পাকাকরণ।<br>(ঘ) সাধুয়া বাজার হতে রুবেল মাস্টারের বাড়ী হয়ে বারইহাটি বাজার পর্যন্ত রাস্তা পাকাকরণ। | | |
| | ১৫। চেয়ারম্যান, টাংগাব ইউপি সভায় বলেন যে,<br>(ক) বারইহাটি চকপাড়া হতে সাগর চেয়ারম্যানের বাড়ি হয়ে টাঙ্গাব পর্যন্ত রাস্তা পাকাকরণ।<br>(খ) বামুনখালী খান বাহাদুর ইসমাইল রোড হয়ে গোলাপ বিএসসি হয়ে মরহুম আব্দুর রহমান ডিএসপির বাড়ি পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ। | | |

বিবিধ আলোচনা:

| | | | |
|---|---|---|---|
| ০১ | সি এ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, জনাব মো: আশরাফ উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের এপ্রিল/২০২২ মাসের শেষ আংশিক ও মে/২০২২ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =১৭,৫০০/-(সতের হাজার পাঁচশত) টাকা।<br>২। জনাব মো: আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও এপ্রিল/২০২২ মাসের শেষ আংশিক ও মে/২০২২ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =১৪,০০০/-(চৌদ্দ হাজার) টাকা।<br>৩। জনাব রেশমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের এপ্রিল/২০২২ মাসের শেষ আংশিক ও মে/২০২২ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =১৪,০০০/-(চৌদ্দ হাজার) টাকা বিল ও ভ্রমণ বিবরণী বিল সভায় উপস্থাপন করেন এবং সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর এপ্রিল/২০২২ মাসের শেষ আংশিক ও মে/২০২২ মাসের প্রথম আংশিক ভ্রমণ ব্যয় বিল অনুমোদন এবং উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০২ | চেয়ারম্যান, নিগুয়ারী ইউপি সভায় জানান যে, প্রয়াত বীরমুক্তিযোদ্ধা শ্রী মহেন্দ্র চন্দ্র দাশ এর নামে নিগুয়ারী-গয়েশপুর (কেল্লারপাড়) সড়কটি "প্রয়াত বীরমুক্তিযোদ্ধা শ্রী মহেন্দ্র চন্দ্র দাশ সড়ক" এর নামে নামকরণের জন্য ইউনিয়ন পরিষদের ১৫.১১.২০২১ খ্রি. তারিখের সভার কার্যবিবরণীতে নামকরণের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট প্রয়াত ব্যক্তির নামে রাস্তাটি নামকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সভায় মাননীয় জাতীয় সংসদ মহোদয় শত ব্যস্ততার মাঝেও গফরগাঁও উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত হওয়ায় পরিষদের সকলের পক্ষ থেকে স্বাগত জানাই। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী এসডিজি অর্জনে উপজেলার প্রত্যেকটি দপ্তরসমূহ পরস্পরের সাথে সুসমন্বয়ের মাধ্যমে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের দিক নির্দেশনায় উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন করতে হবে। সকল উন্নয়নমূলক কর্মকান্ডের গুণগতমান অক্ষুন্ন রাখার জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। আমরা সকলেই মাননীয় জাতীয় সংসদ সদস্যের দিকনির্দেশনায় গফরগাঁও এর উন্নয়নের স্বার্থে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখব। | সরকারের সকল উন্নয়ন মূলক কাজ সরকারি নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ সভায় গফরগাঁও এর উন্নয়নের রুপকার, তারুণ্যের প্রতীক মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়কে অনেক ব্যস্ততার মাঝে আজকের এই সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিষদের পক্ষ থেকে অভিনন্দন জানান। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের দিক নির্দেশনায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি অনেক ভালো। বাল্য বিবাহ প্রতিরোধে সকলেই অনেক সচেতন।<br>ছাত্র-ছাত্রীদের বিষয়ে অভিভাবকদের আরো সচেতন হতে হবে। পুলিশের একার পক্ষে অনৈতিক ঘটনা বন্ধ করা সম্ভব নয়। সকলকেই পুলিশকে সহযোগীতা করতে হবে। সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। সকল কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক করার জন্য অনুরোধ জানান। সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান। | সকলকে গফরগাঁও এর উন্নয়নের জন্য সরকারি দিক নির্দেশনা মোতাবেক সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | মাননীয় জাতীয় সংসদ সদস্য সভায় বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে, ক্ষুধা ও দারিদ্রমুক্ত দেশ গঠনে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। সকল দপ্তরের বিভাগীয় কার্যক্রম সরকারি নির্দেশনা অনুযায়ী পরিকল্পনা মোতাবেক বাস্তবায়নে সকলকেই স্ব-স্ব ক্ষেত্রে আরও আন্তরিক হবার জন্য আহ্বান জানান। মাসিক সভার পূর্বে স্ব-স্ব বিভাগের বিভাগীয় কার্যপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করবেন। "উপজেলা কৃষি বিভাগ কোম্বাইন্ড হারভেস্টর মেশিন ক্রয়ের সময় মেশিনের উপকারীতা সম্পর্কে/ সুবিধা কতটুকু বোঝাতে হবে।" বিশেষ করে "উপজেলা প্রকৌশলীকে উন্নয়নের সকল কার্যক্রম গ্রহণে আরও গতিশীল সক্রিয় হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন এবং কোনো সমস্যা থাকলে আমাকে অবহিত করবেন।" সাধারণ মানুষকে সরকারের সকল সুবিধা বোঝাতে হবে, যে কাজটি করলে লাভবান হবে। ভোটার তালিকায় কোনো প্রকার ভুলত্রুটি রয়েছে কিনা তা অফিসার ইনচার্জ গফরগাঁও থানা/ অফিসার ইনচার্জ , পাগলা থানা তা তদন্ত করে দেখবেন। সন্ত্রাস, বাল্য বিবাহ, দুর্নীতি কোনো ক্রমেই বর্দাস্ত করা হবে না। বিনা অপরাধে কোনো লোক যেন হয়রানির শিকার না হয় সে দিকে পুলিশ প্রশাসনকে দৃষ্টি রাখতে হবে। মাদক, ইয়াবা ব্যবসায়ীকে দ্রুত গ্রেফতার করতে হবে। কোনো বিষয়ে তদন্তে যাওয়ার সময় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। | মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা অনুযায়ী সকল দপ্তরকে নিজ নিজ দপ্তরের কাজে আরও মনযোগী হতে হবে। মানুষ যাতে কোনো রকমের হয়রানির স্বীকার না হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৫/২০২২

(মো: আশরাফ উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.২২-৭৬৭/১(৬০)

তারিখ: ৩০.০৫.২০২২ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৫, ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ শাখা/উপ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫। মেয়র, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৭। উপজেলা ............................................................ অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৯। জনাব ............................................................................................।
১০। অফিস কপি।

৩০/০৫/২০২২

(মো: আবিদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।

30/05/2022